



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।

[www.iresppw-brdb.gov.bd/Fax-02-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-02-8189029)

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৬৭

তারিখ : ০২/০১/২০১৭ খ্রিস্টাব্দ।


### অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” প্রকল্পভূক্ত উপজেলাসমূহে মাঠ সংগঠক কর্তৃক সুফলভোগীদের নিকট হতে কিস্তি বাবদ দৈনন্দিন আদায়কৃত/গৃহীত অর্থ হিসাব সহকারী/এআরডিও’র মাধ্যমে ব্যাংকে জমা করা হচ্ছে। দৈনন্দিন আদায়কৃত/গৃহীত অর্থ অধিকতর স্বচ্ছতার সহিত ব্যাংকে জমা নিশ্চিত করতে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলো :

#### নির্দেশাবলী :

- গৃহীত অর্থ ব্যাংকে জমা করার ক্ষেত্রে হিসাব সহকারী ব্যাংক জমা রসিদের অপর পাতায় মাঠ সংগঠকের নাম ও গৃহীত অর্থের পরিমাণ পৃথক পৃথক ভাবে উল্লেখ করবেন;
- হিসাব সহকারী ব্যাংক জমা রসিদের ০১ (এক) কপি মাঠ সংগঠক (যে কোন ১ জন) কে প্রদান করবেন এবং তিনি উহা অফিসে সংরক্ষণ করবেন;
- সমিতি হতে আদায়কৃত অর্থ হিসাব সহকারীর নিকট জমা দেয়ার ক্ষেত্রে ইতোপূর্বে জমাকৃত অর্থ ব্যাংকে জমা করাসহ সফটওয়্যারে এন্ট্রি নিশ্চিত হয়েছে কিনা তা মাঠসংগঠক যাচাই করবেন এবং এ সংক্রান্ত বিষয়ে হিসাব সহকারী প্রয়োজনীয় সহায়তা প্রদানে বাধ্য থাকবেন;
- সুফলভোগীদের নিকট হতে কিস্তি বাবদ দৈনন্দিন আদায়কৃত/গৃহীত অর্থ ব্যাংকে জমা না হলে হিসাব সহকারী ও সহকারী পল্লী উন্নয়ন অফিসার ব্যক্তিগতভাবে দায়ী হবেন এবং বর্ণিত বিষয় প্রকল্প কর্তৃপক্ষকে অবহিত করা না হলে সংশ্লিষ্ট মাঠ সংগঠক সমভাবে দায়ী হবেন।

২। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারি করা হলো; ইহা অবিলম্বে কার্যকর হবে।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং- ০২-৮১৮০১৪৪

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, -----উপজেলা,-----জেলা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৪। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), -----উপজেলা,-----জেলা।
- ৬। হিসাব সহকারী/মাঠ সংগঠক(ইরেসপো), -----উপজেলা,-----জেলা।
- ৭। অফিস কপি/গার্ড ফাইল।